

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৪৩৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৩. সফরকালে দুই ওয়াক্তের নামায একত্রে পড়া

بَابُ الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ فِي السَّفَرِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الْبَاقِي بْنُ قَانِعٍ ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَلِيِّ الْبَلْخِيُّ ، ثَنَا قُتَيْبَةُ ، ح : وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ مِرْدَاسٍ ، ثَنَا أَبُو دَاوُدَ ، ثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد ، ثَنَا اللَّيْثُ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَبِي الطُّفَيْلِ عَامِرِ بْنِ وَاقِلَةَ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ أَنَّ النَّبِيَّ _ صلَّى لَللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ كَانَ فِي غَزْوَةِ تَبُوكَ إِذَا ارْتَحَلَ قَبْلَ أَنْ تَزِيغَ الشَّمْسُ أَخَّرَ الظُّهْرَ حَتَّى يَجْمَعَهَا مَعَ الْعَصْرِ فَيُصَلِّيهُمَا جَمِيعًا وَإِذَا ارْتَحَلَ بَعْدَ زَيْغِ الشَّمْسِ صلَلَى الظُّهْرَ وَالْعَصَارِ قُيصَلِّيهُمَا جَمِيعًا وَإِذَا ارْتَحَلَ بَعْدَ زَيْغِ الشَّمْسِ صلَلَى الظُّهْرَ وَالْعَصَارِ ثُمَّ سَارَ ، وَكَانَ إِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخَّرَ الْمَغْرِبِ حَتَّى يُصلِينَا مَع الْعِشَاءِ وَإِذَا ارْتَحَلَ قَبْلَ الْمَغْرِبِ أَخَرَ الْمَغْرِبِ حَتَّى يُصلِينَهُمَا مَعَ الْعِشَاءِ وَإِذَا ارْتَحَلَ مَعْ الْمَعْرِبِ أَخَرَ الْمَغْرِبِ حَتَّى يُصلِينَهُمُ مَا كُولُ الْعِشَاءَ فَصَلَلَاهَا مَعَ الْمَغْرِبِ . قَالَ أَبُو دَاوُدَ : هَذَا لَمْ وَإِذَا ارْتَحَلَ بَعْدَ الْمَغْرِبِ عَجَّلَ الْعِشَاءَ فَصَلَلَاهَا مَعَ الْمَغْرِبِ . قَالَ أَبُو دَاوُدَ : هَذَا لَمْ يَرُوهِ إِلَّا قُتَيْبَةُ

বাংলা

১৪৩৪(১৫). আবদুল বাকী ইবনে কানে (রহঃ) ... মুআয ইবনে জাবাল (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাবৃক যুদ্ধকালে সূর্য ঢলে পড়ার পূর্বে মন্যিল থেকে যাত্রা করলে যুহরের নামায আসরের ওয়াক্ত পর্যন্ত বিলম্বিত করে যুহর ও আসরের নামায একত্রে পড়তেন। আর সূর্য গড়িয়ে পড়ার পর যাত্রা করলে যুহর ও আসরের নামায পড়ার পর রওয়ানা করতেন। তিনি সূর্য ডোবার পূর্বে মন্যিল থেকে রওয়ানা করলে মাগরিবের নামায বিলম্বিত করে মাগরিব ও এশার নামায একত্রে পড়তেন। আর সূর্য অস্ত যাওয়ার পর যাত্রা করলে তিনি এশার নামায তার প্রথম ওয়াক্তে এগিয়ে এনে মাগরিব ও এশার নামায একত্রে পড়তেন। আবু দাউদ (রহঃ) বলেন, এই হাদীস কুতায়বা (রহঃ) ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=81223}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন